বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১৫৫

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৫
১২ মার্চ ২০১৯

**বিষয় : পৌরসভার বিভিন্ন পদে উপ-নির্বাচন অনুষ্ঠান**

সূত্র : ১) স্থানীয় সরকার বিভাগের পত্র নং- পৌর-২/৪৬.০০.০০০০.০৬৪.৩২.২৩৯.১৯/৩৯ তারিখ: ০৭ ফেব্রুয়ারি ২০১৯
২) স্থানীয় সরকার বিভাগের পত্র নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩১.১০৩.১৫/১২ তারিখ: ১৭ জানুয়ারি ২০১৯
৩) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.৩৯০০.০৩৫.৪৬.১০৪.১৫-৭৭৬ তারিখ: ১৫ জুলাই ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০(৩) বিধি অনুসরণপূর্বক ৩১ জানুয়ারি ২০১৯ তারিখে চূড়ান্তকৃত ও সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকায় আগামী **১৫ এপ্রিল ২০১৯** তারিখ **সোমবার** ভোটগ্রহণের দিন নির্ধারণ করত নিম্নবর্ণিত ছকের (৪) নং কলামে বর্ণিত পৌরসভার (৫) নং কলামে বর্ণিত পদের উপ-নির্বাচন ইতঃপূর্বে পৌরসভা সাধারণ নির্বাচনের সময় নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত আদেশ-নির্দেশ, পরিপত্রের নির্দেশনা এবং আইন ও বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্রম নং | জেলার নাম | উপজেলার নাম | পৌরসভার নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | দিনাজপুর | বীরগঞ্জ | বীরগঞ্জ | মেয়র পদে শূন্য আসনে উপনির্বাচন |
| ২ | মৌলভীবাজার | বড়লেখা | বড়লেখা | ১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর |
| ৩ | জামালপুর | ইসলামপুর | ইসলামপুর | ৩নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর |

২। নির্বাচনের সময়সূচি জারির পর মাননীয় নির্বাচন কমিশন, সচিব মহোদয়, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব (নিঃব্যঃ-০২ অনুবিভাগ) ও নির্বাচন পরিচালনা-২ অধিশাখা এবং নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১ এর ইন্ট্রানেটে নিম্নোক্ত তথ্য প্রেরণ করতে হবে:

(ক) স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০(৩) বিধি অনুযায়ী সময়সূচির বিজ্ঞপ্তি;

(খ) ভোটগ্রহণের পূর্বের দিন মালামাল কেন্দ্রে যথাযথভাবে পৌঁছানো সংক্রান্ত পরিস্থিতি প্রতিবেদন;

(গ) ভোটগ্রহণের দিন সকাল ৮.০০টায় ব্যালট পেপার যথাযথভাবে রক্ষিত ছিল কি-না সে বিষয় উল্লেখসহ ভোটগ্রহণ শুরু সংক্রান্ত প্রতিবেদন ও ৯.০০টা হতে ভোটগ্রহণ সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতি ০২ (দুই)ঘণ্টা অন্তর অন্তর এবং ভোটগ্রহণ শেষ হওয়ার পর ০১টি পরিস্থিতি প্রতিবেদন;

(ঘ) ফলাফল ঘোষণার পর সামগ্রিক পরিস্থিতি প্রতিবেদন; এবং

(ঙ) ফলাফল সংক্রান্ত বার্তা সিট।

৩। স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০১৫ এর ধারা ২০ক ও স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২(৩) (গ) (ইইই) অনুসারে শূন্য মেয়র পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে পত্রের মাধ্যমে রিটার্নিং অফিসার অবহিত করবেন।

৪। এছাড়াও উক্ত তথ্য ইন্ট্রানেটে প্রেরণ করে নিম্নস্বাক্ষরকারী-কে টেলিফোনে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

১২/৩/১৯

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

প্রাপকঃ ১। জেলা নির্বাচন কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২। উপজেলা নির্বাচন কর্মকর্তা, .................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১৫৫

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৫
১২ মার্চ ২০১৯

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, আনসার ও ভিডিপি, ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ইসলামিক ফাউন্ডেশন ভবন, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, ..................................... (সংশ্লিষ্ট বিভাগ)
৮. উপমহাপুলিশ পরিদর্শক, .............................. (সংশ্লিষ্ট রেঞ্জ)
৯. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১০. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১১. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উল্লিখিত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি ও প্রাসঙ্গিক
১২. জেলা প্রশাসক, ............................................... (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .............................. (সংশ্লিষ্ট) অঞ্চল
১৪. উপসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. পুলিশ সুপার, ................................................. (সংশ্লিষ্ট)
১৬. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ........................... (সংশ্লিষ্ট)
১৭. উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
১৮. জেলা তথ্য অফিসার, ......................................... (সংশ্লিষ্ট)
১৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, ................................ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. অফিসার ইনচার্জ, ................................................. (সংশ্লিষ্ট থানা)।

**( মোহাম্মদ মোরশেদ আলম )**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৬১০

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১৫৬

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৫ / ১২ মার্চ ২০১৯

# বিজ্ঞপ্তি

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১৫৬।- স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্দ্বারা নিম্নেবর্ণিত তফসিলের (৫)নং কলামে উল্লিখিত পৌরসভার (৬) নং কলামে বর্ণিত পদে উপ-নির্বাচন পরিচালনার নিমিত্তে (৭)নং ও (৮) নং কলামে উল্লিখিত কর্মকর্তাগণকে যথাক্রমে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিতেছে:

## তফসিল

| ক্রম | বিভাগ | জেলা | উপজেলা | পৌরসভা | পদের নাম | রিটার্নিং অফিসার | সহকারী রিটার্নিং অফিসার |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১. | রংপুর | দিনাজপুর | বীরগঞ্জ | বীরগঞ্জ | মেয়র পদে শূন্য আসনে উপনির্বাচন | জেলা নির্বাচন অফিসার, দিনাজপুর | উপজেলা নির্বাচন অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর |
| ২. | সিলেট | মৌলভীবাজার | বড়লেখা | বড়লেখা | ১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর | জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার | উপজেলা নির্বাচন অফিসার, বড়লেখা, মৌলভীবাজার |
| ৩. | ময়মনসিংহ | জামালপুর | ইসলামপুর | ইসলামপুর | ৩নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর | জেলা নির্বাচন অফিসার, জামালপুর | উপজেলা নির্বাচন অফিসার, ইসলামপুর, জামালপুর |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

১২/৩/১৯

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ১০০ (একশত) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১৫৬

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৫
১২ মার্চ ২০১৯

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, ...................................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা
৫. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/বিজিবি/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ............................................ (সংশ্লিষ্ট)
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, ....................................... (সংশ্লিষ্ট রেঞ্জ)
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. জেলা প্রশাসক, .......................... (সংশ্লিষ্ট) [ইতঃপূর্বে ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে জারীকৃত আপিল কর্তৃপক্ষ নিয়োগের প্রজ্ঞাপন নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫ (অংশ-১)-৩৫৩ তারিখঃ ২৪/১১/২০১৫ইং অনুযায়ী আপিল কর্তৃপক্ষ হিসাবে আপনাকে বহাল রাখার বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করিয়াছেন]
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৪. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারির অনুরোধসহ]
১৬. উপসচিব, ............................................................ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. পুলিশ সুপার, ............................................................ (সংশ্লিষ্ট)
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ............................................................ (সংশ্লিষ্ট)
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার, ........................... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২০. উপজেলা নির্বাহী অফিসার, ............................................................ (সংশ্লিষ্ট)
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ............................................................ (সংশ্লিষ্ট)
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ......................................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব, ...................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৬. উপজেলা নির্বাচন অফিসার.............................. (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................................ (সংশ্লিষ্ট থানা)।

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৬১০